

১৪  
ক্রমাংক  
৩৮/২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়  
বাজেট অধিশাখা  
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা  
([www.molwa.gov.bd](http://www.molwa.gov.bd))

নম্বর: ৪৮.০০.০০০০.০০৬.৩৪.০০১.১৭-২৪২

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৪  
১২ জুন ২০১৭

### পরিপত্র

বিষয়: মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা তালিকায় নতুন অন্তর্ভুক্তি ও বন্ধ/স্থগিত ভাতা চালুকরণের ক্ষেত্রে জেলা ও উপজেলা ভাতা বিতরণ কমিটির কার্যক্রম।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা তালিকায় নতুন অন্তর্ভুক্তি এবং বন্ধ/স্থগিত ভাতা চালুকরণসহ প্রত্যয়ন, সাময়িক সনদ প্রদান ইত্যাদি কাজে ১) ভারতীয় তালিকা; ২) মুক্তিবার্তা চূড়ান্ত তালিকা (মুক্তিবার্তা লাল বই); ৩) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিশ্঵াক্ষরিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের সনদ (বামুস সনদ); এবং ৪) মুক্তিযোদ্ধা গেজেট এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ([www.molwa.gov.bd](http://www.molwa.gov.bd)) প্রকাশ করা হয়েছে।

০১। মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা তালিকায় নতুন অন্তর্ভুক্তি, বন্ধ/স্থগিত ভাতা চালুকরণ সর্বোপরি বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের জারিকৃত ২ সেপ্টেম্বর ২০১৫ তারিখের ৪৮.০০.০০০০.০০২.৩৪.০০২.১২-৩৪০ নম্বর পরিপত্র; ২৫ এপ্রিল ২০১৬ তারিখের ৪৮.০০.০০০০.০০২.২২.০০২.২০১৩-৬০০ নম্বর স্মারকে জারিকৃত পত্র এবং বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরণ নীতিমালা, ২০১৩ চালু রয়েছে।

০২। এ পরিপত্রের প্রেক্ষিতে যে সমস্ত মুক্তিযোদ্ধাগণ ভাতা প্রাপ্য হবেন তাদের তালিকা দ্রুততম সময়ে মন্ত্রণালয়ে অর্থায়নের জন্য প্রেরণ করতে হবে।

০৩। নতুনভাবে কোন মুক্তিযোদ্ধা-কে সম্মানী ভাতা তালিকায় অন্তর্ভুক্তি এবং সম্মানী ভাতাপ্রাপ্ত মুক্তিযোদ্ধার স্থগিতকৃত ভাতা পুনরায় চালুকরণের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণের যে শর্ত আরোপ করা হয়েছিল তা এতদ্বারা শিথিল করা হলো।

০৪। কাজেই এখন থেকে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা তালিকায় নতুন অন্তর্ভুক্তি এবং বন্ধ/স্থগিত ভাতা চালুকরণে মুক্তিযোদ্ধা সংশ্লিষ্ট তথ্যাদি/তালিকা যাচাই-বাছাইপূর্বক অনুমোদন গ্রহণের নিমিত্তে এ মন্ত্রণালয়ে আর প্রস্তাব প্রেরণের প্রয়োজন নেই।

০৫। এক্ষেত্রে, জেলা/উপজেলা/সিটি কর্পোরেশন ভাতা বিতরণ কমিটি মুক্তিযোদ্ধা সংশ্লিষ্ট তথ্যাদি/তালিকা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে রক্ষিত মুক্তিযোদ্ধা সংশ্লিষ্ট এরূপ তথ্যাদি/তালিকার সংগে যাচাই করে এ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পত্র/পরিপত্র ও সম্মানী ভাতা বিতরণ নীতিমালা, ২০১৩ অনুসরণ করে যথাযথ সিদ্ধান্ত গ্রহণ করবে।

০৬। মুক্তিযোদ্ধা সংশ্লিষ্ট তথ্যাদি/তালিকা ওয়েবসাইটে পাওয়া না গেলে কিংবা কোন বিষয়ে সন্দেহ বা অস্পষ্টতা পরিলক্ষিত হলে সিদ্ধান্তের নিমিত্তে এ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করবে।

০৭। মুক্তিযোদ্ধা সংশ্লিষ্ট তথ্যাদি/তালিকা ওয়েবসাইটে পাওয়া না গেলে কিংবা কোন বিষয়ে সন্দেহ বা অস্পষ্টতা পরিলক্ষিত হলে সিদ্ধান্তের নিমিত্তে এ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করবে।

০৮। মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণের ক্ষেত্রে উল্লিখিত নীতিমালা/পরিপত্র যথাযথভাবে অনুসরণ ও নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হলো। মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা তালিকায় নতুন অন্তর্ভুক্তি এবং বন্ধ/স্থগিত ভাতা চালুকরণে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবে।

—  
২২/৮/১৭

(মোঃ নজরুল ইসলাম)

৭/ উপসচিব (বাজেট)  
ফোন: ৯৫৫০১৩৩

#### বিতরণ:

- ১। জেলা প্রশাসক (সকল), জেলা- .....
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা- ....., জেলা- .....
- ৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), জেলা- .....
- ৪। উপজেলা সমাজসেবা অফিসার (সকল), উপজেলা- ....., জেলা- .....

- ৫। জেলা কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (সকল), জেলা- .....।  
৬। উপজেলা কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (সকল), উপজেলা- ....., জেলা- .....

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
২। সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
৩। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, ফ্লাউট ভবন, কাকরাইল, ঢাকা।  
৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮ মতিঝিল বা/এ, ঢাকা।  
৫। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা।  
৬। বিভাগীয় কমিশনার (সকল), বিভাগ- .....।
- ✓ ৭। যুগ্মসচিব (আইসিটি), মুক্তিযুক্ত বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (উল্লিখিত পত্রটি সংশ্লিষ্টদের ই-মেইলে প্রেরণ এবং এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রদানের অনুরোধসহ)।  
৮। চেয়ারম্যান, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, মগবাজার, ঢাকা।  
৯। সংরক্ষণ নথি।

—  
(মোঃ নজরুল ইসলাম)  
১২। ১। ১।  
৭। উপসচিব (বাজেট)  
ফোন: ৯৫৫০১৩৩